দৈনিক ইনকিলাব

তারিখ ... 18 JUL 2008

পৃষ্ঠা - ১২ কলাম - ৩

### ব্র্যাকের পরিপত্র বাতিলের বিষয়ে আপোষ নয় : ৮ প্রাথমিক শিক্ষক সংগঠন

# উপদেষ্টা ও সচিবের সাথে প্রাথমিক শিক্ষক নেতৃবৃন্দের বৈঠক ব্যর্থ

**স্টাফ রিপোর্টার :** প্রাথমিক শিক্ষাকে ব্র্যাকের হাতে ন্যস্ত করার পরিপত্র বাতিলের বিষয়ে ৮টি প্রাথমিক শিক্ষক সংগঠনের সাথে প্রাথমিক শিক্ষা উপদেষ্টা ও প্রাথমিক শিক্ষা সচিবের প্রায় ৩ ঘণ্টার বৈঠক শূন্য ফলাফল নিয়ে শেষ হয়েছে। গতকাল বেলা ১২ টা থেকে ২টা ৩০ মিনিট পর্যন্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মিলনায়তনে অনুষ্ঠিত উভয় পক্ষের বৈঠকে উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সচিব মোশারফ হোসাইন ভূইয়া ৮টি প্রাথমিক শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দের উদ্দেশ্যে আরো আলোচনা চালিয়ে যাওয়ার আহবান জানিয়েছেন। বৈঠকে ৮টি প্রাথমিক শিক্ষক সংগঠনের পক্ষ থেকে এক অভিন্নভাবে ব্র্যাকের কাছে প্রাথমিক শিক্ষার দায়িত্ব ভার ন্যস্ত করার পরিপত্র বাতিলের দাবী উপস্থাপন করা হয়। উপদেষ্টা মহোদয় পৃঃ ২ কঃ ৭

## প্রাথমিক শিক্ষক নেতৃবৃন্দের বৈঠক

১২-এর পৃষ্ঠার পর

পর্যায়ক্রমে নেতৃবৃন্দের বক্তব্য শোনেন পরিপত্রের বিষয়ে শিক্ষক নেতৃবৃন্দের যুক্তানের চেষ্টা করেন সচিব মহোদয়ও প্রশাসনিক দিক থেকে ও প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের করণীয় ও ব্র্যাকের পরিপত্র সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। কিন্তু কোন রকম সমঝোতা ছাড়াই প্রায় ৩ ঘণ্টার সভা শেষ হয়। শিক্ষকদের পক্ষ থেকে পরিপত্র বাতিল ও প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের বিকল্প প্রস্তাব পেশ করা হয় উপদেষ্টা এবং সচিব উভয়ই প্রস্তাবের সাথে একমত পোষণ করেন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন- মোঃ নজরুল ইসলাম খান, মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ওয়ালিউর রহমান, পরিচালক (প্রশিক্ষণ), রতন কুমার, উপ-পরিচালক (প্রশিক্ষণ). শিক্ষক নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন- বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ ওয়াহেদুজ্জামান, সাধারণ সম্পাদক বি এম আবদুল্লাহ, গ্র্যাজুয়েট প্রাথমিক শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতির সভাপতি মোঃ শামসুল আলম, মহাসচিব সুপেন্দ্র মোহন সাহা, কমিটিনিটি প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাফিজুর রহমান খান, মহাসচিব মাহাবুবুল আলম, প্রাথমিক শিক্ষক সমিতির ছিদ্দিকুর রহমান, সরকারী প্রাথমিক শিক্ষক সমিতির আবদুল আউয়াল তালুকদারসহ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

বৈঠকে শিক্ষক নেতৃবৃন্দ বলেন- ব্র্যাকের এই পরিপত্র বাতিলের চলমান আন্দোলন 'অব্যাহত' থাকবে। আগামী ৩১ জুলাই-এর মধ্যে ব্র্যাককে দায়িত্ব দেওয়া পরিপত্র বাতিল করতে হবে। অন্যথায় প্রাথমিক শিক্ষক যে কোন পরিস্থিতির দায়-দায়িত্ব সরকারকে বহন করতে হবে। সকল প্রাথমিক শিক্ষকদের ঘোষিত আন্দোলন কর্মসূচী পালন করার আহবান জানানো হয়।

**চট্টগ্রাম ব্যুরো :** বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি (মূলধারা) গতকাল বৃহস্পতিবার দেশের সকল জেলা সদরে মানববন্ধন ও শিক্ষকদের একক্ষণি প্রতিবাদ স্বাক্ষর জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে প্রেরণ করেছে।

এদিকে প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করে চট্টগ্রাম জেলা ও মহানগরীর বিপুল সংখ্যক প্রাথমিক শিক্ষক মিউনিসিপ্যাল মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে একত্রিত হয়ে মানববন্ধন কর্মসূচী পালন করেন। কর্মসূচী চলাকালে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় সভাপতি নুরুল আবছার প্রাথমিক শিক্ষাকে বেসরকারীকরণের অশুভ চক্রান্ত যে কোন ত্যাগ স্বীকারের মাধ্যমে প্রতিহত করার ঘোষণা দেন। এ সময় চট্টগ্রাম জেলা শাখার সম্পাদক আলহাজ্ব আবদুর রহমান, সুবল আচার্য, দিদারুল আলম চৌধুরী, কেন্দ্রীয় সিনিয়র সহ-সম্পাদক জুবাইর আলম, সহ-সাংগঠনিক সম্পাদক এনামুল হক, মো: ইউসুফ, শ্যামল মজুমদার, প্রদীপ চৌধুরী প্রমুখ।

**লক্ষীপুর আঞ্চলিক অফিসঃ** লক্ষীপুরের ৫টি উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২ হাজার ৫শ' জন শিক্ষকের স্বাক্ষরিত স্মারকলিপি গতকাল বৃহস্পতিবার জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টাকে প্রদান করেছেন জেলা ও উপজেলা শিক্ষক সমিতির নেতৃবৃন্দ। এর আগে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটির উপদেষ্টা ও জেলা শিক্ষক সমিতির সেক্রেটারী বিশিষ্ট মুক্তিযোদ্ধা নুরুল ইসলামের নেতৃত্বে কয়েক শ' শিক্ষক জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে মানববন্ধন কর্মসূচী পালন করেন।

**কক্সবাজার অফিস :** কক্সবাজার জেলা শাখার উদ্যোগে জেলা প্রশাসক কার্যালয়ের সামনে শিক্ষক-শিক্ষিকার সমাবেশ ও মানববন্ধন পালন করেছে। বৃষ্টি উপেক্ষা করে শিক্ষক নেতৃবৃন্দসহ প্রাথমিক শিক্ষকরা ব্যানার ফেস্টুনসহ অংশগ্রহণ করে।

সভায় বক্তব্য রাখেন প্রাথমিক শিক্ষক সমিতির জেলা সভাপতি শামসুল আলম, যুগ্ম সম্পাদক বোরহান উদ্দিন আহমদ চৌধুরী, সম্পাদক ও কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক মুহাম্মদ শফিকুল হক, সাংগঠনিক সম্পাদক আবুল ফজল, সহ সভাপতি ফয়েজ আহমদ, দপ্তর সম্পাদক সালাহউদ্দিন, রামু সভাপতি আনোয়ারুল হক, সম্পাদক সিরাজুল ইসলাম সেলিম, উখিয়া সভাপতি মুহাম্মদ শাহজাহান, সম্পাদক এমএম কামালউদ্দিন, টেকনাফ সভাপতি ছব্বির আহমদ, সম্পাদক এবং ব্র্যাক বিরোধী আন্দোলনের আহবায়ক এরশাদুর রহমান, চকরিয়া সভাপতি মুহাম্মদ মুছা, সম্পাদক আবুল কালাম।

**চাঁদপুর জেলা সংবাদদাতা :** গতকাল স্থানীয় বেলতলী প্রাথমিক বিদ্যালয় মিলনায়তনে চাঁদপুর জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি হাফেজ আহমেদের সভাপতিত্বে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। 'প্রাথমিক বিদ্যালয়ে ব্র্যাকের প্যাকেজ প্রোগ্রাম বাতিল করতে হবে, প্রাথমিক শিক্ষার সার্বিক দায়িত্ব সরকারকেই বহন করতে হবে' এ দাবী নিয়ে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক ও চাঁদপুর জেলা শাখার সেক্রেটারী মোঃ আবুল বাসার, কচুয়া উপজেলার সভাপতি দেওয়ান সিরাজুল ইসলাম, হাজীগঞ্জ উপজেলা শাখার সাধারণ সম্পাদক কাজী শাহনেওয়াজ, ফরিদগঞ্জ উপজেলার সাধারণ সম্পাদক মোঃ মফিজুল ইসলাম, হাইমচর উপজেলার সাধারণ সম্পাদক হাফিজ আহমেদ, মতলব দক্ষিণ উপজেলা শাখার সভাপতি মোঃ শহিদ উল্লাহ।

**বাগেরহাট জেলা সংবাদদাতা :** গতকাল বৃহস্পতিবার দুপুরে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধান উপদেষ্টা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপিতে জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি মোঃ হুমায়ুন কবির ও সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম স্বাক্ষর করেন।

**ফেনী আঞ্চলিক অফিস :** ফেনী জেলাশাখার উদ্যোগে গতকাল (বৃহস্পতিবার) এক বিশাল মানববন্ধন কর্মসূচী পালিত হয়। শহরের ট্রাংক রোডস্থ ট্রাফিক চত্বরে বেলা ১১টায় এ মানববন্ধন কর্মসূচী শুরু হয়ে দীর্ঘক্ষণ স্থায়ী হয়। মানববন্ধন শেষে সদর উপজেলা শিক্ষক সমিতির কার্যালয়ে এক প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।